**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/9/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল এরি কাউন্টিতে 37 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন উদ্বোধনের কথা ঘোষণা করেছেন

## *চিকটোওয়াগাতে অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টস নিম্ন-আয়ের পরিবারের এবং সহায়ক পরিষেবার প্রয়োজন প্রাপ্তবয়স্কদের জন্য 110টি সাশ্রয়ী মূল্যের গৃহ ধারণ করে*

## *স্থায়ীভাবে ডিজাইন করা ভবনগুলি শ্রবণ বা দৃষ্টির প্রতিবন্ধী এবং শারীরিক প্রতিবন্ধী বাসিন্দাদের থাকার ব্যবস্থা করে*

গভর্নর ক্যাথি হোচুল আজ চেকটোওয়াগা শহরে 37 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের উন্নয়ন খোলার ঘোষণা করেছেন। অ্যাপল ব্লসম অ্যাপার্টমেন্টগুলি 110টি সাশ্রয়ী মূল্যের গৃহ প্রদান করে যার 60টি অ্যাপার্টমেন্ট সহায়ক পরিষেবার প্রয়োজন ব্যক্তিদের জন্য।

"করোনাভাইরাস মহামারী সেই নিউ ইয়র্কবাসীদের জন্য অভূতপূর্ব চ্যালেঞ্জ তৈরি করেছে যারা ইতিমধ্যে আবাসন নিরাপত্তাহীনতার সাথে লড়াই করছে" **গভর্নর হোচুল বলেন।** "ব্যক্তিদের এবং পরিবারদের একটি নিরাপদ এবং সুরক্ষিত গৃহ প্রদান করা পরিবর্তনশীল এবং সমগ্র সম্প্রদায়কে উপকৃত করে। অ্যাপল ব্লসম অ্যাপার্টমেন্টস সত্যিই পশ্চিম নিউ ইয়র্কে একটি স্বাগত সংযোজন।"

অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টগুলি নিউ ইয়র্ক রাজ্যে উৎপন্ন আপেলের নামে নামকরণ করা তিনটি ভবন নিয়ে গঠিত - গালা, এম্পায়ার এবং কোর্টল্যান্ড। সমস্ত অ্যাপার্টমেন্টগুলি এলাকা মিডিয়ান আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জনকারী পরিবারের সমর্থের মধ্যে।

আটচল্লিশটি বাড়ি এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত যারা অন-সাইটে মানসিক স্বাস্থ্যের চিকিৎসার সেবা পাওয়ার জন্য যোগ্য, যা অ্যাপার্টমেন্ট ট্রিটমেন্ট প্রোগ্রামের অধীনে নিউ ইয়র্ক রাজ্যের মানসিক স্বাস্থ্যের দপ্তর (Office of Mental Health, OMH) দ্বারা লাইসেন্সপ্রাপ্ত। বারোটি অতিরিক্ত সহায়ক বাড়িগুলির এম্পায়ার রাজ্যের সহায়ক আবাসনের উদ্যোগ (Empire State Supportive Housing Initiative, ESSHI)-এর মাধ্যমে অর্থায়ন করা হয় এবং OMH দ্বারা প্রশাসিত হয়। বাকি 50টি অ্যাপার্টমেন্ট যোগ্যতা প্রাপ্ত আয়ের পরিবারদের জন্য পৃথকীকৃত করা আছে। ADA অ্যাক্সেসযোগ্যতা সহ 28টি অ্যাপার্টমেন্ট এবং শ্রবণ এবং দৃষ্টির অ্যাক্সেসযোগ্যতা সহ 45টি অ্যাপার্টমেন্ট সারা উন্নয়ন জুড়ে আছে।

ডেভেলপমেন্ট কমপ্লেক্সটি নিউ ইয়র্ক রাজ্যের শক্তির গবেষণা এবং বিকাশের অথরিটির (New York State Energy Research and Development Authority) ইনপুট সহ এনার্জি স্টার সার্টিফাইড হোমস প্রোগ্রামের পথের অনুবর্তী হয়ে ডিজাইন করা হয়েছিল, যা পুরো প্রকল্প জুড়ে শক্তি দক্ষ বিল্ডিংয়ের উপাদান এবং এনার্জি স্টার সরঞ্জাম অন্তর্ভুক্ত করে।

তিনটি ভবনের প্রত্যেকটিতে রান্নাঘর সহ একটি কমিউনিটি রুম, কম্পিউটার অ্যাক্সেস সহ আবাসিক লাউঞ্জ, প্রতিটি তলায় লন্ড্রির রুম এবং প্রতিটি অ্যাপার্টমেন্টের মধ্যে সংরক্ষণের স্থান আছে। প্রতিটি ভবনে মিটিংয়ের রুমে ভাড়াটেদের জন্য সহায়তার পরিষেবা রয়েছে।

অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টগুলি মুদির কেনাকাটার দোকান, স্কুল, উপাসনালয়, চিকিৎসা পরিষেবা, ব্যাংক, লাইব্রেরি এবং সরকারি এজেন্সিগুলির কাছাকাছি অবস্থিত।

ডিপল কমিউনিটি সার্ভিসেস (DePaul Community Services) হল পরিষেবা প্রদানকারী এবং ডেভেলপার। অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টসের অর্থায়নে অন্তর্ভূক্ত স্থায়ী কর-মুক্ত বন্ড বাবদ 19.2 মিলিয়ন মার্কিন ডলার, ফেডারেল নিম্ন-আয়ের আবাসনের ট্যাক্স ক্রেডিট যা 9.7 মিলিয়ন মার্কিন ডলার ইকুইটি উৎপন্ন করে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে প্রায় 12.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। OMH নির্মাণের তহবিল বাবদ 13 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, সেই সাথে 120,000 মার্কিন ডলারের প্রকল্প উন্নয়নের অনুদানের মাধ্যমে স্টার্ট-আপ ফান্ড প্রদান করেছে। এছাড়াও OMH এম্পায়ার স্টেট সাপোরটিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative, ESSHI) প্রোগ্রামের মাধ্যমে 300,000 মার্কিন ডলার বার্ষিক সহায়তার পরিষেবার তহবিল প্রদান করছে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) 86,000 মার্কিন ডলার প্রদান করেছে।

অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টস রাজ্যের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছরের আবাসন পরিকল্পনার অংশ যা 100,000-এরও বেশি সাশ্রয়ী মূল্যের গৃহ এবং 6,000টি সহায়ক পরিষেবা সহ গৃহ নির্মাণ বা সংরক্ষণের মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করতে এবং গৃহহীনতার মোকাবেলা করার জন্য প্রস্তুত করা হয়েছে।

**হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথ অ্যানি ভিসনাউকাস বলেন,** "আমরা 110টিরও বেশি নতুন বসবাসকারীকে চেকটোয়াগার অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টসে স্বাগত জানাতে পেরে আনন্দিত। ডিপল এবং রাজ্য সরকারে আমাদের অংশীদারদের ধন্যবাদ, এই 37 মিলিয়ন মার্কিন ডলারের আবাসন সম্প্রদায় সহায়তা পরিষেবার প্রয়োজন আছে এমন প্রাপ্তবয়স্কদের দৈনন্দিন জীবনকে উন্নত করবে। সমস্ত নিউ ইয়র্কবাসীর তাদের অনন্য চাহিদা পূরণ করে এমন গৃহে সাশ্রয়ী মূল্যে এবং স্বাচ্ছন্দ্যে বসবাস করার অধিকার আছে এবং রাজ্যের প্রতিটি অঞ্চলে অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টসের মত মানসম্মত আবাসনের সুযোগ প্রসারিত করা HCR এ আমাদের লক্ষ্য।"

**OMH কমিশনার ড: অ্যান সুলিভান বলেন,** "সহায়ক আবাসন মানসিক অসুস্থতা নিয়ে বসবাসকারী মানুষদের তাদের নিজের সম্প্রদায়ের মধ্যে স্বাধীনভাবে এবং সফলভাবে বসবাসের সুযোগ প্রদান করে। সহায়ক আবাসন উন্নয়নে নিউ ইয়র্ক একটি জাতীয় নেতা হয়ে থেকেছে এবং আমাদের এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ হাজার হাজার বিপন্ন ব্যক্তি এবং পরিবারকে তাদের প্রয়োজনীয় পরিষেবা সহ একটি স্থিতিশীল, নিরাপদ গৃহ প্রদান করেছে। চিকটোয়াগাতে অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টস মানসিক অসুস্থতা নিয়ে বাস করছেন এমন মানুষদের একটি সুন্দর, স্বাগতপূর্ণ গৃহে স্বাধীনভাবে এবং সহায়তা সহ বাস করতে দেয়।"

**ডরিন এম হ্যারিস, NYSERDA এর প্রেসিডেন্ট এবং সিইও বলেন,** "অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টস প্রকল্পটি শক্তি-দক্ষ প্রযুক্তি প্রদর্শন করে যা পশ্চিম নিউ ইয়র্কবাসীদের জন্য একটি আরামদায়ক, ভালোভাবে সুরক্ষিত এবং উপভোগ্য জীবনযাত্রা নিশ্চিত করবে। কমপ্লেক্সটি বাসিন্দাদের শক্তি এবং খরচ সাশ্রয় করার জন্য আধুনিক সরঞ্জাম এবং নির্মাণ কৌশল ব্যবহার করে, যা নিম্ন-আয়ের বাসিন্দাদের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধার ন্যায়সঙ্গত অংশ গ্রহণ নিশ্চিত করার জন্য রাজ্যের অঙ্গীকারকে সমর্থন করে।"

**ডিপলের প্রেসিডেন্ট মার্ক ফুলার বলেন,** "যেখানে বাসিন্দারা সফলভাবে বসবাসের জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলি অ্যাক্সেস করতে পারবেন সেই দীর্ঘমেয়াদী বা স্থায়ী আবাসন প্রদানের জন্য আমাদের ক্ষমতা বৃদ্ধি করতে সহায়তা করার জন্য আমাদের রাজ্যের অংশীদারদের প্রতি ডিপল কৃতজ্ঞ। আমরা সব চেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য আবাসন স্থিতিশীলতা প্রদান করার মাধ্যমে এরি কাউন্টি এবং নিউ ইয়র্ক রাজ্য জুড়ে আরো বেশি মানুষের জীবন পরিবর্তন করার জন্য উন্মুখ।"

**সিনেটর টিম কেনেডি বলেন,** "রাজ্য এবং ফেডারেল সংস্থান থেকে বহু মিলিয়ন ডলারের একত্রিত বিনিয়োগের সাথে, আমাদের এখন চিকটোয়াগায় 110টি নতুন সাশ্রয়ী মূল্যের গৃহ আছে। এটি আবারও নিউ ইয়র্কের আবাসনকে রাজ্যব্যাপী আরো সহজলভ্য ও সাশ্রয়ী করে তোলার অঙ্গীকারবদ্ধতার প্রদর্শন এবং আমাদের সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন মেটাতে ডিপল কমিউনিটি সার্ভিসের দৃষ্টিভঙ্গির প্রমাণ।"

**সংসদ সদস্য মনিকা ওয়ালেস বলেন,** "দেশজুড়ে আবাসন খরচ নাটকীয়ভাবে বৃদ্ধি পাওয়ায়, আমাদের সমাজের সব চেয়ে দুর্বল ব্যক্তিদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনে বিনিয়োগ করা আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। অ্যাপেল ব্লসম অ্যাপার্টমেন্টসের সমাপ্ত হওয়ার সাথে সাথে, রাজ্য 100টিরও বেশি নতুন আবাসন ইউনিট যোগ করেছে, যার মধ্যে বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য পরিষেবা এবং অ্যাক্সেসযোগ্যতা রয়েছে এমন কয়েক ডজন রয়েছে। যাদের সব চেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য নিরাপদ, সাশ্রয়ী এবং সহায়ক আবাসন প্রদান করার অঙ্গীকারবদ্ধতার জন্য গভর্নর হোচুল এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ।"

**চিকটোওয়াগার সুপারভাইজার ডায়ান বেনকোস্কি বলেন,** "চিকটোওয়াগা শহরটি কত ভাগ্যবান যে অ্যাপল ব্লসম অ্যাপার্টমেন্টস আমাদের সম্প্রদায়ের অংশ। ডিপল আবারও সুযোগ, সহায়তা এবং আশা প্রদানের উদ্দেশ্যে তাদের মিশন অনুযায়ী কাজ করেছে এবং আমরা জানি নতুন বাসিন্দারা সমৃদ্ধ হবেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন